

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কালিয়াকৈর উপজেলা শিল্পকলা একাডেমির সদস্য বৃদ্ধি ও সদস্য তালিকা হালনাগাদকরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই উপজেলা শিল্পকলা একাডেমি গঠনতন্ত্রের ধারা-২ ও ধারা-৩ এর আলোকে উপযুক্ত ব্যক্তিবর্গকে “নির্ধারিত ফরম” এ আহবায়ক, কালিয়াকৈর উপজেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির নিকট আবেদনপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

আবেদনপত্র গ্রহণ ও জমাদানের স্থান : উপজেলা আইসিটি অফিস, কালিয়াকৈর, গাজীপুর
আবেদন দাখিলে সময়সীমা : ৩১ আগস্ট ২০২৪, বিকেল ৪.০০ টা পর্যন্ত
খসড়া তালিকা প্রকাশ : ০৯ সেপ্টেম্বর ২০২৪

শর্ত ও নিয়মাবলী:

১. উপজেলা শিল্পকলা একাডেমি গঠনতন্ত্রের ধারা-২. একাডেমির সদস্যপদ)

ক. সংস্কৃতির যে কোন ক্ষেত্রে অবদান রহিয়াছে লিঙ্গভেদে এমন সংস্কৃতিমান ব্যক্তি যাহার বয়স ন্যূনতম ২৫ বছর , তিনি উপজেলা শিল্পকলা একাডেমির সদস্য হইতে পারিবেন।

খ. “সংস্কৃতিমান” বলিতে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্র যেমনঃ কণ্ঠসঙ্গীত, যন্ত্রসঙ্গীত, নৃত্য, চারুকলা, নাটক, চলচিত্র, আবৃত্তি, যাত্রাশিল্পের সাথে যুক্ত এবং সাহিত্য বা সংস্কৃতির কোন এক বা একাধিক বিষয়ে মৌলিক রচনা, অনুবাদ, গবেষণা কিংবা শিল্পসমালোচনার ক্ষেত্রে অবদান রহিয়াছে, এমন ব্যক্তিবর্গকে বুঝাইবে।

গ. যে কোন সংস্কৃতিমান ব্যক্তি এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা চাঁদা প্রদান করিয়া জীবন সদস্যপদ লাভসহ ভোটাধিকার প্রয়োগ এবং নির্বাচনে অংশগ্রহণ করতে পারিবেন।

ঘ. এছাড়া সাধারণভাবে সদস্যভুক্তির ফি ৫০০/- এবং বার্ষিক চাঁদা ৩০০ টাকা।


ঙ. জুলাই হতে জুনের জন্য প্রদেয় বার্ষিক চাঁদা অবশ্যই ৩০ জুনের মধ্যে পরিশোধ করতে হবে।

চ. জেলা শিল্পকলা একাডেমিতে সদস্য রহিয়াছেন এমন ব্যক্তি উপজেলা শিল্পকলা একাডেমির সদস্য হইতে পারিবেন।

২. উপজেলা শিল্পকলা একাডেমি গঠনতন্ত্রের ধারা-৩. সদস্যভুক্তির নিয়ম)

ক. সদস্যপদ লাভের জন্য প্রার্থীকে, সাহিত্য-সংস্কৃতির যে ক্ষেত্রে তাঁহার অবদান রহিয়াছে, উহার সপক্ষে উপযুক্ত প্রমাণাদিসহ ‘নির্ধারিত ফরম’ (পরিশিষ্ট-১) এ কার্যনির্বাহী/এডহক কমিটির সভাপতি/আহবায়কের নিকট আবেদন করিতে হইবে। উক্ত আবেদনপত্রে কার্যনির্বাহী/এডহক কমিটির ২ জন সদস্যের সুপারিশ থাকিতে হইবে। প্রতিটি আবেদনপত্র কার্যনির্বাহী/এডহক কমিটি কর্তৃক যাচাই বাছাইপূর্বক বিবেচনা করিতে হইবে।

খ. আবেদনপত্র কার্যনির্বাহী/এডহক কমিটি কর্তৃক সদস্যভুক্তির অনুকূলে গৃহীত নির্ধারিত ফি এবং বাৎসরিক চাঁদা প্রদানের পর প্রার্থীর নাম সদস্যের তালিকায় অন্তর্ভুক্ত হইবে।



(কাউছার আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর
ও

আহবায়ক

কালিয়াকৈর উপজেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটি